


# কালের কণ্ঠ

---

আপডেট : ৩১ মার্চ, ২০১৯ ২৩:০২

আজি শুরু এইচএসসি পরীক্ষা

 আজ শুরু এইচএসসি পরীক্ষা

এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আজ সোমবার, চলবে আগামী ১১ মে পর্যন্ত। আর ১২ মে থেকে ২১ মে পর্যন্ত চলবে ব্যবহারিক পরীক্ষা। প্রথম দিন এইচএসসির বাংলা প্রথম পত্রের পরীক্ষা এবং আলিমের কোরআন মাজিদ পরীক্ষা হবে। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি রাজধানীর বেইলি রোডে সিদ্ধেশ্বরী গার্লস কলেজ কেন্দ্র পরিদর্শন করবেন বলে মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

জানা যায়, এবার আটটি সাধারণ বোর্ডসহ ১০টি বোর্ডের অধীনে মোট ১৩ লাখ ৫১ হাজার ৩০৯ জন পরীক্ষার্থী অংশ নেবে। এর মধ্যে ছাত্র ছয় লাখ ৬৪ হাজার ৪৯৬ জন এবং ছাত্রী ছয় লাখ ৮৭ হাজার ৯ জন। দেশের ৯ হাজার ৮১টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরীক্ষার্থীরা দুই হাজার ৫৮০ কেন্দ্রে এ পরীক্ষায় অংশ নেবে।

প্রশ্ন ফাঁস রোধে ইতিমধ্যে আজ থেকে কোচিং সেন্টার বন্ধ ঘোষণা করা হয়েছে। আগামী ৬ মে পর্যন্ত সব ধরনের কোচিং বন্ধ থাকবে। এবারের এইচএসসি পরীক্ষায় নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ভিন্ন ডিজিটের রোল নম্বর দেওয়া হয়েছে। তাদের জন্য আলাদা কক্ষ, আসন বিন্যাস ও পৃথক প্রশ্ন প্রণয়ন করা হয়েছে।

আগের মতোই এবারও পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে শিক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করতে হবে। তবে বিশেষ কোনো কারণে দেরি হলে রেজিস্ট্রারে বিস্তারিত লিপিবদ্ধ করে পরীক্ষায় অংশ নিতে পারবে।

### থাকবে ‘নিরব বহিস্কার’ বিধান

প্রকাশ্যে বহিস্কারের পাশাপাশি এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষায় ‘নিরব বহিস্কার’ বিধানও চালু থাকবে। ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক বলেন, অতীতের বিভিন্ন সময়ে এভাবে (নিরব বহিস্কার) বহিস্কার করা হতো। এবারও এ পদ্ধতি চালু থাকবে বলে তিনি জানান।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com